মাহফুজা ইব্রাহিম
সহকারী পরিচালক (প্রশাসন)
বিসিএস (সাধারণ শিক্ষা)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৮৮.০০১.২১.৫৮৭ তারিখ: ১৪ কার্তিক ১৪২৯
৩০ অক্টোবর ২০২২

বিষয়: **খুলনা জেলার কয়রা উপজেলাধীন কালনা আমিনিয়া ফাজিল (ডিগ্রি) মাদ্রাসার শিক্ষক-কর্মচারীর এমপিও শিটে পদবী ও বিষয় সংশোধন ও সংযোজনের জন্য আবেদন যাচাই/তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রসঙ্গে।**

সূত্র: (১) বর্ণিত মাদ্রাসা আবেদন ডকেট নং-১৭৬৩১; তারিখ: ২৪/১০/২০২২ খ্রি:
(২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনা, এর অগ্রায়ন তারিখ: ১৩/১০/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার কয়রা উপজেলাধীন কালনা আমিনিয়া ফাজিল (ডিগ্রি) মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের এমপিও শিটে পদবী ও বিষয় সংশোধন ও সংযোজনের জন্য আবেদন দাখিল করা হয়েছে। আবেদন পত্র অনুযায়ী প্রতিকার প্রার্থীগণের চাহিত পদবী ও বিষয় নিম্নরূপঃ

| ক্রমিক নং | নাম ও ইনডেক্স নম্বর | এমপিও শীটে বিদ্যামান পদবীও বিষয় | এমপিও শীটে চাহিত পদবী ও বিষয় |
|---|---|---|---|
| ১ | জনাব MONORONJON MUNDAL K359835 | পদবী: উল্লেখ নাই<br>বিষয়: উল্লেখ নাই | পদবী: AP<br>বিষয়: BANGLA |
| ২ | YOUNUS ALI K375052 | পদবী: উল্লেখ নাই<br>বিষয়: উল্লেখ নাই | পদবী: LEC<br>বিষয়: POLITICAL SCIENCE |
| ৩ | জনাব MD HUMAYUN KABIR K470321 | পদবী: PHT<br>বিষয়: উল্লেখ নাই | পদবী: AT<br>বিষয়: PHYSICAL EDUCATION |
| ৪ | MD NURUL ISLAM K581386 | পদবী: উল্লেখ নাই<br>বিষয়: উল্লেখ নাই | বিষয় পদবী: AT<br>বিষয়: BIOLOGY |
| ৫ | MD ABUL KALAM AZAD K2032596 | পদবী: AT<br>বিষয়: SOCIOLOGY | পদবী: AT<br>বিষয়: BANGLA |
| ৬ | MARUFA KHATUN N2114941 | পদবী: AM<br>বিষয়: উল্লেখ নাই | পদবী: AM<br>বিষয়: N/A |
| ৭ | MD. BAKI BILLAH N2125756 | পদবী: AM<br>বিষয়: উল্লেখ নাই | পদবী: AM<br>বিষয়: N/A |
| ৮ | S. M. ARAFATUZZAMAN M0029025 | পদবী: AGT<br>বিষয়: AGRICULTURE | পদবী: AT<br>বিষয়: AGRICULTURE |
| ৯ | RABIUL ISLAM M0027847 | পদবী: AM<br>বিষয়: উল্লেখ নাই | পদবী: AM<br>বিষয়: N/A |
| ১০ | MUJIBOR RAHMAN K660698 | পদবী: উল্লেখ নাই<br>বিষয়: উল্লেখ নাই | পদবী: OA-ACA<br>বিষয়: N/A |
| ১১ | FIRDAUSUR RAHMAN K2032597 | পদবী: উল্লেখ নাই<br>বিষয়: উল্লেখ নাই | পদবী: OA-CO<br>বিষয়: N/A |
| ১২ | ABDUL LATIF N2104685 | পদবী: EB-K<br>বিষয়: উল্লেখ নাই | পদবী: EB-Q<br>বিষয়: N/A |
| ১৩ | RABIUL ISLAM N2104686 | পদবী: EB-J<br>বিষয়: উল্লেখ নাই | পদবী: EB-T<br>বিষয়: N/A |
| ১৪ | MUSTAFIZUR RAHMAN M0015498 | পদবী: J.M<br>বিষয়: ARABIC | পদবী: EB-M<br>বিষয়: N/A |
| ১৫ | SHAFIQUL ALAM K2022506 | পদবী: উল্লেখ নাই<br>বিষয়: উল্লেখ নাই | পদবী: S-GUARD<br>বিষয়: N/A |

| | | | |
|---|---|---|---|
| ১৬ | ALAMGIR HOSSAIN<br>N2104130 | পদবী: উল্লেখ নাই<br>বিষয়: উল্লেখ নাই | পদবী: CLEANER<br>বিষয়: N/A |
| ১৭ | MD. ABUL KASHEM<br>N2121371 | পদবী: উল্লেখ নাই<br>বিষয়: উল্লেখ নাই | পদবী: OA-ACA<br>বিষয়: N/A |

আবেদনটি যাচাইপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিলের জনাব মুহাম্মদ হোসাইন, পরিদর্শক (খুলনা বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো। তদন্ত কার্যক্রমে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ/ডকুমেন্ট/বিষয়াদি যাচাই করবেন:

(০১) প্রতিকার প্রার্থীর নিজস্ব স্বাক্ষরযুক্ত আবেদন যথাযথ আছে কি-না যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০২) প্রতিষ্ঠান প্রধান/গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি/স্থানীয় কর্তৃপক্ষের সুপারিশসহ অগ্রায়ণ করা হয়েছে কি-না যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৩) SSC/দাখিল/জন্ম তারিখ সম্বলিত মূল সনদসহ শিক্ষা জীবনের সকল সনদের নম্বর উল্লেখসহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৪) NID যথাযথ যাচাই করতে হবে এবং প্রতিবেদনে NID নম্বর ও ইস্যুর তারিখ উল্লেখ করতে হবে।

(০৫) প্রথম MPO শীটসহ জন্ম তারিখ সম্বলিত প্রথম ও সংশ্লিষ্ট MPO শীটসমূহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৬) প্রথম বেতন-বিলসহ নাম সম্বলিত প্রথম ও সংশ্লিষ্ট বেতন বিলসমূহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৭) চাকুরি জীবনে সকল প্রতিষ্ঠানে চাকুরী প্রাপ্তির আবেদন/সংশ্লিষ্ট সকল নিয়োগ পরীক্ষার ফলাফল শীট এবং অন্যান্য কাগজপত্রে নামের বিষয়টি যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৮) প্রথম চাকুরী কালীন সময়ে জনবল কাঠামো অনুযায়ী সংশ্লিষ্ট পদ/বিষয়/বেতন কোডে/বেতন স্কেলের প্রাপ্যতা এবং বর্তমানে দাবীকৃত পদ/বিষয়/কোডে/বেতন কোডে/বেতন স্কেলের প্রাপ্যতা যথাযথভাবে যাচাইপূর্বক মন্তব্য প্রাতবেদনে উল্লেখ করতে হবে।

(০৯) প্রথম চাকুরিতে যোগদানের পর এমপিও পাওয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর নাম সম্বলিত দাখিলকৃত আবেদনের মূল কপি যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১০) প্রয়োজনীয় ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক শাখার যথাযথ প্রত্যয়ন/প্রতিবেদন/ননড্রয়াল যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১১) পদবী ও বিষয় সংশোধন / সংযোজনের ক্ষেত্রে বর্তমান এবং দাবীকৃত নাম বাংলা এবং ইংরেজিতে যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১২) সমস্যার কারণ কি এবং কবে থেকে উক্ত সমস্যা সৃষ্টি হয়েছে তা যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১৩) প্রয়োজনে প্রতিকার প্রার্থীর/সংশ্লিষ্টদের বক্তব্য গ্রহণ এবং প্রয়োজনীয় ডকুমেন্টস/তথ্যাদি গ্রহণ/যাচাইপূর্বক মতামত দিবেন।

(১৪) আবেদন মঞ্জুরের সুপারিশ করা হলে বকেয়া দাবি করবেন না মর্মে প্রতিকার প্রার্থীর অঙ্গীকারনামা যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে এবং যে সকল ডকুমেন্টস এর ভিত্তিতে আবেদন মঞ্জুরের সুপারিশ করা হবে সে সকল ডকুমেন্টসে তদন্তকারী কর্মকর্তার নামযুক্ত সীল স্বাক্ষরসহ থাকতে হবে।

(১৫) পদবী ও বিষয় সংশোধন / সংযোজনের আবেদন মঞ্জুরের সুপারিশ করা হলে যৌক্তিকতা, কারন ও ব্যাখ্যাসহ প্রতিবেদনে উল্লেখ করতে হবে। আবেদন নামঞ্জুর হলেও কারন উল্লেখ করতে হবে। তদন্তকারী কর্মকর্তা এতদসংক্রান্ত যাবতীয় আইন, বিধি, নীতিমালা, পরিপত্র এবং নির্দেশনাবলী যাচাই-বাছাইপূর্বক মতামত প্রদান করবেন।

০২. উল্লিখিত প্রক্রিয়া অনুসরণ করে পদবী ও বিষয় সংশোধন ও সংযোজনের জন্য দাখিলকৃত আবেদন আগামী ০৭ (সাত) দিনের মধ্যে যাচাইপূর্বক প্রমাণকসহ সুনির্দিষ্ট মতামত/সুপারিশ প্রদানপূর্বক (মুল কপি ফেরত সহ) প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ ফর্দ।

৩০-১০-২০২২
মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক

জনাব মুহাম্মদ হোসাইন, পরিদর্শক (খুলনা বিভাগ),
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৮৮.০০১.২১.৫৮৭/১(২)

তারিখ: ১৪ কার্তিক ১৪২৯
৩০ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অধ্যক্ষ, প্রতিক্কার প্রার্থীগণ, কালনা আমিনিয়া ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা, কয়রা, খুলনা।

২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

৩০-১০-২০২২
মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক